783/21

I- 834/21

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

Rs.5000

पाँच हजार रुपये

FIVE THOUSAND RUPEES

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

G 046762

14:18
15/01/21
8- 121165580

15 JAN 2021

বিক্রয় কবলা
থানা : বহরমপুর টাউন
মৌজা : ৯০ নং গোরাবাজার
পরিমান : ১.৬৫ শতক
মূল্য : ৬,৪০,০০০/- টাকা

<u>ক্রেতা</u> : *(১) আসিফ হোসেন* পিতা হারুন অল রসিদ, পেশা ব্যবসা (২) সানেজা পারভিন স্বামী আসিফ হোসেন, পেশা গৃহস্থালী, উভয়ের জাতি মুসলমান, উভয়ের সাং ও পো: রাজধরপাড়া, থানা বহরমপুর টাউন, পিন নং ৭৪২১৬৫, জেলা মুর্শিদাবাদ, ভারতীয় নাগরিক।

পর পৃষ্টা....

বিক্রেতা : ***শ্রী তপন কুমার ঘোষ,*** পিতা স্বর্গীয় শিবসাধন ঘোষ, পেশা জোতজমা, জাতি হিন্দু, সাং ২৬ নং নয়া সড়ক রোড (রেজাউল করিম রোড), পোঃ বহরমপুর, থানা বহরমপুর টাউন, পিন নং ৭৪২১০১, জেলা মুর্শিদাবাদ, পক্ষে গত ইং ০৮.০১.২০২০ তারিখে বহরমপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ২১৭ নং উন্নয়নমূলক আমক্তোরনামা দলিল মুলে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার *এনামূল হক* পিতা মৃত আলাউদ্দিন মন্ডল, জাতি মুসলমান, পেশা ব্যবসা, সাং ২৩ শ্রীশচন্দ্র নন্দী রোড, ৫/এ জুয়েল এ্যাপার্টমেন্ট, পোঃ ও থানা বহরমপুর, জেলা মুর্শিদাবাদ, পিন নং ৭৪২১০১, ভারতীয় নাগরিক।

কস্য মুর্শিদাবাদ জেলার অন্তর্গত বহরমপুর থানা ও পৌরসভার অন্তর্গত ৯০ নং গোরাবাজার মৌজাস্থিত ভিটি সম্পত্তি বিক্রয় কবলা দলিল লিখনং পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহা তপন কুমার ঘোষ নামে বর্তমান এল.আর চলতি জরিপে ১৯৪৭ নং খতিয়ানে তাহার নিজ নাম যথাযথভাবে লিপিবদ্ধ করিয়া মালিক ও দখলকার হইতেছে।

এক্ষনে আমার নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয় করিবার মৌখিক সোহরত দিলে আপনারা তাহা খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করায় নিম্ন তপশীল বর্নিত সম্পত্তির বর্তমান মূল্য ৬,৪০,০০০/- মঃ ছয় লক্ষ চল্লিশ হাজার টাকা ধার্য্য করিয়া বিক্রীত মুল্যের সমুদয় টাকা আপনাদের নিকট হইতে নগদে ও ব্যাঙ্ক এ্যাকাউন্ট মারফত বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কবলা দলিল আপনাদের বরাবর লিখিয়া দিয়া স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে, এই বিক্রিত সম্পত্তিতে বিক্রেতার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব হক লভ্যাদি দখলাদি ছিল তাহা অদ্যকার তারিখ হইতে বিক্রেতার প্রতি রদ ও রহিত হইয়া সম্পূর্ণরূপে আপনার প্রতি বর্ত্তিল ও অর্পিল। অদ্য তারিখ হইতে আপনারা বিক্রেতার ন্যায় যাবতীয় স্বত্ত্বে স্বত্ত্ববান ও মালিক হইয়া বর্তমান সরকারী জমিদারী সেরেস্তায় ও পৌরসভায় সাবেক নাম খারিজ দিয়া নিজ নিজ নাম জারী ও পত্তন করতঃ সন সন খাজনাদি ও ট্যাক্সাদী আদায় দিয়া চেক দাখিলা ও রসিদ গ্রহণে সর্ব্ব প্রকার দান বিক্রয়, হেবা ইত্যাদী হস্তান্তরাদী করিবার ক্ষমতাযুক্তে পুরুষানুক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে বিক্রেতা কিংবা বিক্রেতার স্থলাভিষিক্ত অপর কোন ওয়ারীশগণের কোনরূপ ওজর আপত্তি বা দাবী দাওয়া থাকিল না বা থাকিবে না আর যদি ওজর আপত্তি বা দাবী দাওয়া

পর পৃষ্টা....

করে তাহা আইনত সর্ব্বতভাবে ও সর্ব্ব আদালতে অগ্রাহ্য হইবে বা নামঞ্জুর হইবে। এই বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও মুক্তাবস্থায় থাকাকালিন আপনাদের বিক্রয় করিলাম। আরো প্রকাশ থাকে যে বিক্রিত সম্পত্তি সম্পূর্ণরূপে দায়মুক্ত অবস্থায় রহিয়াছে ইতিপূর্বে কোন স্থানে দায় সংযোগাদি করি নাই বা করা নাই। বিক্রিত সম্পত্তির কোন অংশ হইতে আপনারা বেদখল হইলে আইনত দন্ডনীয় হইবে এবং মায় ওয়ারীশগণ ক্রমে ক্ষতিপূরণ সহ নগদ অর্থ ফেরৎ দিতে বাধ্য থাকিবে বা থাকিলেন। আর সহজে আদায় না দিলে আপনারা আইন আদালতের সাহায্যে বিক্রেতার যাবতীয় স্থাবর অস্থাবর সম্পত্তি হইতে আদালতের সাহায্যে আদায় করিয়া লইতে পারিবেন। প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তি লিখিত দলিলে যদি কোন ভুল ত্রুটি দেখাযায় তাহা হইলে আমি ভ্রম সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য থাকিব। এতদ্বর্থে স্বেচ্ছায়, সুস্থ চিত্তে অন্যের বিনাপ্ররোচনায়, বিনানুরোধে অত্র বিক্রয় কবলা দলিল পড়িয়া শুনিয়া ও বুঝিয়া দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া এই বিক্রয় কবলা দলিল আপনাদের বরাবর নিম্ন লিখিত স্বাক্ষিগনের উপস্থিতিতে সহি সম্পাদন করিয়া দিলাম।

ইতি বাংলা ১৪২৭ সনের ২৩ শে পৌষ, ইংরাজী তারিখ ০৮/০১/২০২১।

## *বিক্রীত সম্পত্তির তপশীল চৌহদ্দি রায়ত স্থিতিবান*

জেলা মুর্শিদাবাদ, থানা বহরমপুর টাউন, সাব রেজিস্টারী অফিস বহরমপুর, ১৬ নং তৌজির মহাল মৌজা ৯০ নং গোরাবাজার মধ্যে বর্তমান জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেক্টর অফ মুর্শিদাবাদ সেরেস্তায় খাজনার যোগ্য। যাহা বহরমপুর পৌরসভার অন্তর্গত ২৩নং ওয়ার্ডভুক্ত কালি কৃষ্ণ ব্যানার্জ্জী রোডস্থিত সম্পত্তি হইতেছে।

***খতিয়ান নং :*** আর.এস ১৯২৫, এল.আর. খতিয়ান ১৯৪৭।

| *দাগ নং* | *রকম* | *পরিমান* |
|---|---|---|
| R.S ২২১১ বাইশ শত এগারো<br>L.R ৪৭৩৩ সাতচল্লিশ শত তেত্রিশ | ভিটি | ১.৬৫ শতক মঃ এক দশমিক ছয় পাঁচ শতক বাংলা মাপে এক কাঠা মাত্র বিক্রীত সম্পত্তি হইতেছে। পড়তা খাজনার যোগ্য। |

পর পৃষ্ঠা....

চৌহদ্দী ঃ উত্তরে : ১২ ফুট চওড়া রাস্তা, দক্ষিণে : এল.আর ৪৭২৫ নং দাগের সম্পত্তি, পূর্বে : ক্রেতাদ্বয়ের নিজ, পশ্চিমে : বিক্রেতার নিজ, এই চৌহদ্দী মধ্যে দাখিলীকৃত হাত নক্সার সবুজ রংদ্বারা পরিবেস্টিত স্থানে ০.০১৬৫ একর বা ১.৬৫ শতক বাংলা মাপে এক কাঠা বিক্রয় রহিল

অত্র দলিলের সহিত হাত নক্সা দাখিল করা হইল, যাহার সবুজ রং দ্বারা বেস্টিত স্থান বিক্রীয় রহিল, অত্র হাত নক্সা দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

অত্র দলিলের সহিত ক্রেতা এবং বিক্রেতার রঙীন ছবি সহ দশ আঙুলের টিপছাপ যুক্ত রহিল।


| তারিখ | টাকা |
|---|---|
| ০৮.০২.২০২০ (নগদে) | ১,৫০,০০০.০০ |
| ১০.০৩.২০২০ (নগদে) | ১,৫০,০০০.০০ |
| ১২.০৪.২০২০ (নগদে) | ১,৪০,০০০.০০ |
| ব্যাঙ্ক এ্যাকাউন্ট মারফত | ২,০০,০০০.০০ |
| মোট | ৬,৪০,০০০.০০ |

মোসাবিদাকারক–


সিদ্ধার্থ মন্ডল
সাং কান্তনগর
লাইসেন্স নং ৫৯ বহরমপুর

ইসাদী–



কম্পিউটার প্রস্তুত কারক–



L.R. ON LINE COPY.



R-S.

| | | | |
|---|---|---|---|
| |  |  |  |
| | L-T-P | | L-T-P |
| | L-I-P | | L-I-P |
| | L-M-P | | L-M-P |
| | L-R-P | | L-R-P |
| | L-L-P | | L-L-P |
| | R-T-P | | R-T-P |
| | R-I-P | | R-I-P |
| | R-M-P | | R-M-P |
| | R-R-P | | R-R-P |
| | R-L-P | | R-L-P |







